

## Admission to the 1<sup>st</sup> year for the 2024-25 Session in B.A /B. Sc /B.Com Courses

প্রিয় ছাত্র ছাত্রী

বঙ্কিম সর্দার কলেজে তোমাদের স্বাগত জানাই। আমরা খুশী যে তোমরা এই কলেজে ভর্তি হতে আগ্রহ প্রকাশ করেছ। ভর্তি হওয়ার ক্ষেত্রে তোমাদের বেশ কিছু বিষয় জানা প্রয়োজন।

### এন্ট্রান্স সংক্রান্ত

1. ভর্তি হবে সম্পূর্ণ মেধার ভিত্তিতে। অর্থাৎ মেরিট লিস্টের বাইরে কোনরকম ভর্তি হবে না।
2. ভর্তির ক্ষেত্রে কোন রকমের কোটা থাকবে না। তবে সরকারি নিয়ম অনুযায়ী অনগ্রসর শ্রেণীর জন্য (SC, ST, OBC A, OBC B) আর্থিকভাবে দুর্বল শ্রেণীর জন্য (EWS) এবং বিশেষভাবে সক্ষম (PWD) ছাত্র-ছাত্রীদের জন্য আসন সংরক্ষিত থাকবে থাকবে।
3. ভর্তির প্রক্রিয়া সম্পূর্ণভাবে অনলাইন মাধ্যমে হবে, অর্থাৎ কলেজের অফিস, শিক্ষক, কর্মচারী, ছাত্র বা প্রাক্তন ছাত্রের কোন মাধ্যমেই ভর্তির প্রক্রিয়া প্রভাবিত হবে না।
4. ভর্তির জন্য দরখাস্ত করতে হলে যে অনলাইন লিংক ব্যবহার করতে হবে তা নিচে দিয়ে দেওয়া হল  
[https://cu.onlineadmission.org/ghc/admission\\_notification\\_ug.aspx?clgcode=BASA](https://cu.onlineadmission.org/ghc/admission_notification_ug.aspx?clgcode=BASA) এই লিংকে ক্লিক করলে সরাসরি এডমিশন পোর্টালে প্রবেশ করা সম্ভব।
5. এডমিশন পোর্টালের প্রথমে পেইজে NEP Guidelines ক্লিক করলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের এডমিশন সংক্রান্ত সমস্ত নিয়ম কানুন দেখা যাবে।
6. Course Info & Fees ক্লিক করলে বিভিন্ন সাবজেক্ট কন্সিডারেশন এবং কোর্স ফি দেখা যাবে।
7. Admission Criteria ক্লিক করলে কোন সাবজেক্টে ভর্তি হওয়ার জন্য যোগ্যতা থাকা প্রয়োজন সেটা দেখা যাবে।
8. Intake Capacity ক্লিক করলে বিভিন্ন সাবজেক্ট এর আসন সংখ্যা দেখতে পাওয়া যাবে।
9. Apply Now ক্লিক করলে প্রথমে কিছু ইনস্ট্রাকশন দেখা যাবে। সেই ইনস্ট্রাকশন গুলি মন দিয়ে করতে হবে এবং বুঝতে হবে। তারপরে চেকবক্সে ক্লিক করে কন্টিনিউ বাটন টিপতে হবে।
10. পোর্টালে গিয়ে আবেদনকারী প্রথমে নিজের নাম রেজিস্ট্রেশন করবে। একজন আবেদনকারীকে শুধুমাত্র একবারই রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করার পর একা একাধিক বিষয়ে আবেদন করতে পারে। কোনরকম রেজিস্ট্রেশন ফি নেই।
11. ফরম ফিলাপ করবার আগে নিজের ফটো, নিজের স্বাক্ষর, ক্লাস টেনের এডমিট কার্ড, ক্লাস টুয়েলভ এর মার্কশীট, কাস্ট সার্টিফিকেট, PWD সার্টিফিকেট, স্পোর্টস ডকুমেন্ট, মাইগ্রেশন সার্টিফিকেট, EWS সার্টিফিকেট, এই সকল কাগজপত্রের স্ক্যান কপি নিজের হাতের কাছে রাখতে হবে। EWS বিভাগে প্রার্থীদের অবশ্যই ১লা April ২০২৩ এ বা তার পরে ইস্যু করা পশ্চিমবঙ্গ সরকারের উপযুক্ত কতৃপক্ষ দ্বারা জারি করা শংসাপত্র থাকতে হবে।

## জাতীয় শিক্ষা নীতি সংক্রান্ত কিছু কথা

আমরা সকলেই জানি অনার্স গ্রাজুয়েট হতে তিন বছর লাগে (যাকে বলা হয় তিন বছরের অনার্স কোর্স)। পাস গ্রাজুয়েট হতেও তিন বছর লাগে (যাকে বলা হয় তিন বছরের জেনারেল কোর্স বা পাশ কোর্স)। নতুন জাতীয় শিক্ষানীতিতে এই ধারণার বদল হচ্ছে। এখন একজন ছাত্র কলেজে পড়াশোনা করতে যখন ঢুকবে তখন তার জন্য দুটি চার বছরের কোর্স স্ট্রাকচার থাকবে

- One Major - Two Minor - Four compulsory course - এটিকে বলা হয় সিঙ্গেল মেজর কোর্স। কেউ যদি এই কোর্সে ভর্তি হয়ে
  - চার বছর পড়াশোনা করে তাহলে সে হবে অনার্স গ্রাজুয়েট।
  - তিন বছরের মাথায় পড়াশোনা সমাপ্ত করে তাহলে সে হবে পাস গ্রাজুয়েট।
  - দুই বছরের মাথায় পড়াশোনা সমাপ্ত করে exit করে তাহলে তাকে বলা হবে ডিপ্লোমা হোল্ডার।
  - এক বছরের মাথায় পড়াশোনা সমাপ্ত করে exit করে তাহলে তাকে বলা হবে সার্টিফিকেট হোল্ডার।
- Two Core - One Minor - Four compulsory course - এটিকে বলা হয় মাল্টি ডিসিপ্লিনারি কোর্স। কেউ যদি এই কোর্সে ভর্তি হয়ে
  - তিন বছরের মাথায় পড়াশোনা সমাপ্ত করে তাহলে সে হবে পাস গ্রাজুয়েট।
  - দুই বছরের মাথায় পড়াশোনা সমাপ্ত করে exit করে তাহলে তাকে বলা হবে ডিপ্লোমা হোল্ডার।
  - এক বছরের মাথায় পড়াশোনা সমাপ্ত করে exit করে তাহলে তাকে বলা হবে সার্টিফিকেট হোল্ডার।

এপ্লাই করবার আগে, দুই ধরনের কোর্স সম্পর্কে ধারণা করে নেওয়া দরকার।

যে ছাত্র বা ছাত্রীর চার বছর ধরে পড়াশোনা করবার আগ্রহ আছে তারা সিঙ্গেল মেজর কোর্সে ভর্তি হবে। এবং ফলে অনার্স গ্রাজুয়েট হতে পারবে। ভবিষ্যতের রিসার্চ করতে হলে এই সিঙ্গেল মেজর কোর্সে ভর্তি হওয়াই কাম্যা।

অন্যদিকে যারা অনেক বেশি কর্মজীবনে প্রবেশ করতে চায় তাড়াতাড়ি তাদের জন্য মাল্টি ডিসিপ্লিন কোর্সে ভর্তি হওয়াটাই কাম্যা।

## কম্পালসরি কোর্স সংক্রান্ত কিছু কথা

### Ability Enhancement Course

এখানে পড়ানো হবে ১) English (প্রথম এবং তৃতীয় সেমেস্টারে) ২) Bengali (দ্বিতীয় এবং চতুর্থ সেমেস্টারে)। অনেকটা পূর্বতন কম্পালসরি ইংরেজি বাংলার মতন।

### Skill Enhancement Course

ছাত্র টি যে discipline specific core /minor / major পড়বে সেই বিষয়ক স্কিল প্রাপ্তি কোনো course পড়তে হবে। অনেকটা CBCS পাঠক্রমের SEC র মতন। প্রথম দ্বিতীয় এবং তৃতীয় সেমেস্টারে একটি একটি করে SEC কোর্স পড়তে হবে।

### Interdisciplinary Course

ছাত্র টি যে discipline specific core /minor / major পড়বে সেই বিষয়ের বাইরে গিয়ে অন্য কোনো discipline এ গিয়ে প্রথম দ্বিতীয় এবং তৃতীয় সেমেস্টারে একটি একটি করে IDC কোর্স পড়তে হবে। এই বিষয়টি একেবারেই নতুন।

### Value Added Course

ছাত্র টি যে discipline এই পড়ুক না কেন তার সার্বিক উন্নয়নের জন্যে প্রথম দুটি সেমেস্টারে মোট চারটি এমন কোনো কোর্স পড়বে যে তাতে তার কোনো value add হবে। যেমন প্রথম সেমেস্টারে একটি কোর্স environment অন্য কোর্সটি Indian constitution। দ্বিতীয় সেমেস্টারে একটি কোর্স environment অন্য কোর্সটি IKS।